



স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩৪.২২.০০০১.১৮.১৭০

তারিখ: ৫ আশ্বিন ১৪৩৩
২০ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: 'জেলা ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি' পুনর্গঠন সংক্রান্ত।

সূত্র: ১। প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৪.০০০০.০৬৯.০৬.০০৩.২৬-৬০, তারিখ: ১৮ আগস্ট, ২০২৬

২। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০০০.০৩৪.২২.০০০১.১৮-১৬৮, তারিখ: ১৫ সেপ্টেম্বর, ২০২৬

উপর্যুক্ত বিষয়ে ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল সুষ্ঠু ব্যবস্থাপনা ও মনিটরিং এর নিমিত্ত 'জেলা ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি' পুনর্গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেষ্ক্রে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:

(১) জেলা ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা কমিটি গঠনের প্রজ্ঞাপন।

২০-০৯-২০২৬

মামুনুর রশীদ

উপসচিব

ইমেইল : dsrmpmr@mowr.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৫। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। পুলিশ সুপার (সকল)।
- ৮। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ৯। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ সহ ১০০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হলো)।
- ১১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩৪.২২.০০০১.১৮.১৭০/১ (২)

তারিখ: ৫ আশ্বিন ১৪৩৩
২০ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়।



২০-০৯-২০২৬

মামুনুর রশীদ

উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট

নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩৪.২২.০০০১.১৮-১৬৮

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩
১৫ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল সূষ্ঠ ব্যবস্থাপনা ও মনিটরিং এর নিমিত্ত নিম্নরূপভাবে 'জেলা ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি' পুনর্গঠন করা হলো:

(ক) কমিটির গঠন:

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে অবস্থান
(১)	জেলা প্রশাসক	সভাপতি
(২)	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
(৩)	জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
(৪)	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(৫)	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার	সদস্য
(৬)	উপপরিচালক/সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর	সদস্য
(৭)	নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ বা পানি উন্নয়ন বোর্ড (প্রযোজ্য ক্ষেত্রে)	সদস্য
(৮-১০)	সভাপতি কর্তৃক মনোনীত স্থানীয় পর্যায়ের ০৩ (তিন) জন গণ্যমান্য ব্যক্তি (০১ জন নারী প্রতিনিধিসহ)	সদস্য
(১১)	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ছাত্র প্রতিনিধি	সদস্য
(১২)	যে সংস্থার নেতৃত্বে ডেজিং পরিচালিত হবে, উক্ত সংস্থার জেলা পর্যায়ের কর্মকর্তা/জেলা পর্যায়ের কর্মকর্তা না থাকলে উপযুক্ত 'প্রতিনিধি' সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।	সদস্য-সচিব

(খ) কমিটির কার্যপরিধি:

০১. কমিটি সরেজমিনে পরিদর্শন করে স্থানীয় জনগণের সমষ্টিকৃত চাহিদার আলোকে রাস্তাঘাট, শিক্ষা বা ধর্মীয় প্রতিষ্ঠানের মাঠ ভরাট, ঈদগাহ, মসজিদ, মন্দির, কবরস্থান, শ্মশানঘাট, খেলার মাঠ, সরকারী খাসজমি, পতিত জমি ও অন্যান্য সরকারি/সামাজিক প্রতিষ্ঠানের নীচু জায়গা ভরাট/উন্নয়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদন (যদি থাকে) অগ্রাধিকার নির্ধারণপূর্বক প্রতিষ্ঠানের মধ্যে বিনামূল্যে ডেজড ম্যাটেরিয়াল বরাদ্দ প্রদান করবে;
০২. আবেদন না থাকলে কমিটি বিধি মোতাবেক উত্তোলিত ডেজড ম্যাটেরিয়ালের মূল্য নির্ধারণ, বিক্রি ও বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করবে, প্রতিযোগিতামূলক দর প্রাপ্তির লক্ষ্যে ডেজড ম্যাটেরিয়াল বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে পারবে, বিজ্ঞাপন খরচ সংশ্লিষ্ট সংস্থার বাজেট থেকে নির্বাহ করা হবে;
০৩. নির্ধারিত স্থান হতে উত্তোলিত ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান ও ব্যবস্থা গ্রহণ, যেমন- ডেজড ম্যাটেরিয়াল উত্তোলন কার্যক্রম তদারকি, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান, ডেজড ম্যাটেরিয়াল সংরক্ষণের স্থান নির্ধারণ করবে;
০৪. উত্তোলিত ডেজড ম্যাটেরিয়াল সরকারি খাস জমি/পতিত জমি/রিকুইজিশনকৃত জমিতে স্তুপ করে রাখার অনুমতি প্রদান করবে;
০৫. ডেজড ম্যাটেরিয়াল স্তূপীকরণের ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে তা নিরসন করবে;
০৬. পরিবেশ অধিদপ্তর এর প্রতিনিধি নদ-নদী ডেজিংয়ের ফলে পরিবেশ-প্রতিবেশের উপর সম্ভাব্য প্রভাব নিরূপণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান করবে;
০৭. মা মাছের প্রজনন সময়ে মাছের আবাসস্থল/বিচরণক্ষেত্র/অভয়াশ্রম/ প্রজননক্ষেত্রসমূহে নদ-নদী ডেজিং বন্ধ রাখবে;



০৮. নদীর গতিপথের পরিবর্তন পর্যবেক্ষণ এবং এর ফলে নদী ভাঙ্গন হচ্ছে কিনা অথবা নদী তীরবর্তী জনসাধারণ ক্ষতিগ্রস্ত হচ্ছে কিনা তা পর্যালোচনা করে সুপারিশ প্রদান করবে;
০৯. নৌ-পথে নৌযান চলাচল সুগম রাখার প্রয়োজনীয় ব্যবস্থা এবং সুপারিশ প্রদান করবে;
১০. আন্তঃনদী সংযোগ স্থানসমূহ চিহ্নিতকরণ এবং খননের মাধ্যমে সচল রাখার ব্যবস্থা নিতে পারবে;
১১. নদ-নদী ডেজিংয়ের ফলে বাঁধ, স্থাপনা বা অবকাঠামো ক্ষতিগ্রস্ত হচ্ছে কিনা বা ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা রয়েছে কিনা তা পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান করবে;
১২. উদ্ভূত কারিগরি সমস্যা কারিগরি কমিটির নিকট সমাধানের জন্য প্রেরণ করবে;
১৩. খাল-বিল, হাওর-বাঁওড় খননের উদ্যোগ প্রক্রিয়াকরণ ও ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান করবে;
১৪. অন্যান্য জনগুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে; এবং
১৫. প্রয়োজনে কমিটিতে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করা যাবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

Hse
১৫/০৩/২৬

মামুনুর রশীদ

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৭২৩৬

ই-মেইল: dsrmp@mowr.gov.bd

নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩৪.২২.০০০১.১৮-১৬৮

তারিখ:

৩১ ভাদ্র ১৪৩৩

১৫ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব.....(সকল)।
- ৩। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ৪। মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, গ্রীন রোড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক..... (সকল)।
- ৬। পুলিশ সুপার.....(সকল)।
- ৭। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশসহ ১০০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হলো)।
- ১০। সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Hse
১৫/০৩/২৬

মামুনুর রশীদ

উপসচিব